

চীনে প্রবেশে নতুন নিয়ম, ফ্লাইটে ওঠার আগেই নিতে হবে ‘অ্যারাইভাল কার্ড’

- A Monitor Desk Report

Date: 11 December, 2025



ঢাকাঃ চীনে প্রবেশের আগে সব বিদেশি যাত্রীদের জন্য অনলাইনে ‘অ্যারাইভাল কার্ড’ জমা দেওয়া বাধ্যতামূলক করা হয়েছে।

বাংলাদেশের এয়ারলাইন্সগুলোকে এক চিঠিতে বিষয়টি জানিয়েছে দেশটির ন্যাশনাল ইমিগ্রেশন অ্যাডমিনিস্ট্রেশন (এনআইএ)।

তারা জানায়, দ্রুত ইমিগ্রেশন নিশ্চিত করতে এই উদ্যোগ নেওয়া হয়েছে।

ফর্মটি জমা দেওয়া যাবে এনআইএ-এর অফিসিয়াল ওয়েবসাইটে, সরকারি সার্ভিস প্ল্যাটফর্ম, “NIA 12367” মোবাইল অ্যাপের মাধ্যমে।

এ নিয়ম চায়না ফরেইন পার্মানেন্ট রেসিডেন্ট আইডি হোল্ডার, হংকং-ম্যাকাও নন-চায়নিজ রেসিডেন্টদের মেইনল্যান্ড ট্রাভেল পারমিটধারী, গুপ ভিসা বা গুপ ভিসা-ফ্রি যাত্রী, ২৪ ঘণ্টার মধ্যে বিমানবন্দরের রেস্ট্রিক্টেড এরিয়া না ছাড়লে ট্রানজিট যাত্রী, একই ক্রুজশিপে এসে একই পথে ফিরে যাওয়া যাত্রী এবং বিদেশি পরিবহন-সংশ্লিষ্ট ক্রুদের জন্য প্রযোজ্য নয়।

-B